

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৭২]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৪০: ক্রয়-বিক্রয় ও লেনদেনের ক্ষেত্রে উদারতা দেখানো, উত্তমরূপে ঋণ পরিশোধ ও প্রাপ্য তলব করা, ওজন ও মাপে বেশি দেওয়ার মাহাত্ম্যা, ওজন ও মাপে নেওয়ার সময় বেশী নেওয়া এবং দেওয়ার সময় কম দেওয়া নিষিদ্ধ এবং ধনী ঋণদাতার অভাবী ঋণগ্রহীতাকে (যথেষ্ট সময় পর্যন্ত) অবকাশ দেওয়া ও তার ঋণ মকুব করার ফ্যীলত

بَابُ فَضْلِ السَّمَاحَةِ فِي الْبَيْعِ وَالشِّرَاءِوَالْأَخْذِ وَالْعَطَاءِ، وَحُسْنِ الْقَضَاءِ وَالتَّقَاضِيْ، وَلَا فَضْلِ إِنْظَارِ الْمُوْسِرِ وَالمُعْسِرِ وَالْمُعْسِرِ وَالْمُعْسِرِ وَالْمُعْسِرِ وَالْوَضْع عَنْهُ

### আরবী

وَعَن حُذَيفَةَ رضي الله عنه قَالَ: أُتي اللهُ تَعَالَى بِعَبْدِ مِنْ عِبَادِهِ آتَاهُ اللهُ مَالاً، فَقَالَ لَهُ: مَاذَا عَمِلْتَ فِي الدُّنْيَا ؟ قَالَ: «وَلاَ يَكْتُمُونَ اللهَ حَدِيثاً» قَالَ: يَا رَبِّ آتَيْتَنِي مَالَكَ، فَكُنْتُ أَبَايعُ النَّاسَ، وَكَانَ مِنْ خُلُقِي الجَوَازُ، فَكُنْتُ أَتَيسَّرُ عَلَى المُوسِرِ، وَأُنْظِرُ المُعْسِرَ. فَقَالَ الله تَعَالَى: «أَنَا أَحَقُّ بِذَا مِنْكَ تَجَاوَزُوا عَنْ عَبْدِي» فَقَالَ عُقْبَةُ بِنُ عَامِرٍ، وَأَبُو فَقَالَ الله تَعَالَى: «أَنَا أَحَقُّ بِذَا مِنْكَ تَجَاوَزُوا عَنْ عَبْدِي» فَقَالَ عُقْبَةُ بِنُ عَامِرٍ، وَأَبُو مَسَعُودٍ الأَنصَارِيُّ رَضِيَ اللهُ عَنهُمَا: هَكَذَا سَمِعْنَاهُ مِنْ في رَسُولِ اللهِ صلى الله عليه وسلم. رواه مسلم

#### বাংলা

৬/১৩৮০। হুযাইফা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর বান্দাদের মধ্যে এক এমন বান্দাকে—যাকে তিনি ধনৈশবর্য দ্বারা সমৃদ্ধ করেছেন; তাঁর কাছে হাজির করা হল। তিনি (আল্লাহ) তাকে বললেন, 'তুমি দুনিয়াতে কি আমল করেছ?' বর্ণনাকারী বলেন, অথচ আল্লাহর কাছে তারা (লোকেরা) কোন কথা গোপন রাখতে পারে না। সে বলল, 'প্রভু! তুমি আমাকে ধনঐশ্বর্য দিয়েছিলে। আমি জনগণের সাথে ব্যবসা-বাণিজ্য করেছি। আর উদারতা ছিল আমার বিশেষ অভ্যাস, ধনীর সাথে নমনীয় ব্যবহার দেখাতাম এবং গরীবদেরকে (সচ্ছলতা আসা পর্যন্ত) অবকাশ দিতাম।' মহান আল্লাহ বললেন, 'আমি তোমার চাইতে এ ব্যাপারে অধিক হকদার। (হে ফেরেশতাবর্গ!) তোমরা আমার (এই) বান্দাকে ক্ষমা করে দাও।' উক্ববাহ ইবনে আমের ও আবূ মাসঊদ আনসারী (রাদিয়াল্লাহু আনহুমা) বলেন, 'আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রমুখাৎ এরূপই শুনেছি।' (মুসলিম) [1]



## **English**

(240) Chapter: Excellence of Fair Bargaining and Matters Relation to it

Hudhaifah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) said, "A slave of Allah whom He had endowed with wealth, will be brought before Him. Allah will ask him: 'What did you do in the world?' (They cannot conceal anything from Allah.) He will say: 'O my Rubb, You endowed me with Your wealth; I used to enter into transactions with people and it was my nature to be lenient to the insolvent ones. I used to give respite to those who were in straitened circumstances.' Whereupon Allah will say: 'I am more entitled than you to do this. So forgive my slave'." 'Uqbah bin 'Amir and Abu Mas'ud Al- Ansari (May Allah be pleased with them) said, "Thus we heard it from the Messenger of Allah (ﷺ)."

[Muslim].

## ফুটনোট

[1] মুসলিম ১৫৬০, সহীহুল বুখারী ২০৭৭, ইবনু মাজাহ ২৪২০, আহমাদ ২২৭৪২, ২২৮৪৩, ২২৮৭৫, ২২৯৫৩, দারেমী ২৫৪৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন